# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০২.২৩-৭৭

তারিখঃ ২৮/০৪/১৪৩০ বঙ্গাঃ
১৬/০৮/২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ কোহিনুর আলম, (আইডি নং-৭৭০৩১৫০০১), তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর), পাবনা পওর সার্কেল, বাপাউবো, পাবনা এর বিরুদ্ধে পাবনা পওর সার্কেলের অধিকাংশ কর্মকর্তা/কর্মচারীদের সাথে খারাপ আচরণ, অকথ্য ভাষায় গালিগালাজ, অকারণে কৈফিয়ত তলব ও কর্মকর্তা/কর্মচারীদের অকারণে হয়রানি করা, দুর্নীতি, বরাদ্দকৃত বাসায় না থেকে রেস্ট হাউসে অবস্থান করা ইত্যাদি অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০২.২৩-১০ তারিখঃ ২২/০২/২০২৩খ্রিঃ মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ কোহিনুর আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর)'কে কর্মকর্তা/কর্মচারীদের সাথে খারাপ আচরণ ও বরাদ্দকৃত বাসায় না থেকে রেস্ট হাউসে অবস্থান করা এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক প্রস্তুতকৃত লিখিত জবাবের নিমিত্ত সরাবরাহকৃত প্রশ্নপত্রের জবাব তদন্ত কর্মকর্তার নিকট প্রেরণ না করা ইত্যাদি অভিযোগে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২ (২)(ক) অনুযায়ী অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০২.২৩-৫৯, তারিখঃ ০৬/০৭/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা প্রেরণ করতঃ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি অত্র দপ্তরে দাখিলের জন্য অনুরোধ করা হয়।

২। জনাব মোঃ কোহিনুর আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর) এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগের প্রেক্ষিতে লিখিত বিবৃতি দাখিল করেন। উক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষের নিকট পেশ করা হলে কর্তৃপক্ষ কর্তৃক তাকে ভবিষ্যতের জন্য সতর্ক করতঃ আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহন করা হয়।

৩। এমতাবস্থায়, কর্তৃপক্ষের উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক জনাব মোঃ কহিনুর আলম, (আইডি নং-৭৭০৩১৫০০১), তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর), পাবনা পওর সার্কেল, বাপাউবো, পাবনা -কে ভবিষ্যতের জন্য সতর্ক করতঃ আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

৪। এতে মহপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

১৬/০৮/২০২৩

(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২
টেলিফোন নং-৮৮০২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com

অঃপৃঃদ্রঃ

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০২.২৩-৭৭(১২)

তারিখঃ ২৮/০৪/১৪৩০ বঙ্গাঃ
১৬/০৮/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাবনা পওর সার্কেল, বাপাউবো, পাবনা
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পওর সার্কেল-২, বাপউবো, রংপুর।
৪. পরিচালক, বোর্ড, বাপাউবো, ঢাকা।
৫. পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কর্মচারী পরিদপ্তর/মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর/ হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৯. জনাব মোঃ কোহিনুর আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর), পাবনা পওর সার্কেল, বাপাউবো, পাবনা। (সাথেক)

১৬/০৮/২০২৩
(মোঃ শামীম হোসেন)
উপপরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বরঃ ৬৯১২১১০০১
টেলিফোনঃ ৮৮০২২২২৩০০৭৯